রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-০৯/২০১৭ তারিখ: ১৫.১১.২০১৭

বিষয়: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের ব্যবসায়িক ক্ষমতা (Business Delegation) পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

এ ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের ব্যবসায়িক ক্ষমতা অর্পণ প্রসঙ্গে গত ৩০.০৭.২০০৮ তারিখে পর্ষদ সচিবালয় থেকে পরিপত্র নং ০১/২০০৮ জারী করা হয়, যা অদ্যাবধি চালু আছে।

০২। ইতোমধ্যে দীর্ঘ নয় বছর অতিক্রান্ত হয়েছে। সময়ের ব্যবধানে পণ্যমূল্য, শ্রমমূল্য ও ইউটিলিটি ব্যয় বৃদ্ধি পাওয়ায় ঋণ নিয়মাচারে পরিবর্তন এসেছে। আন্তঃব্যাংক প্রতিযোগিতায় গ্রাহক সেবার মান বৃদ্ধি ও ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার জন্য ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের ব্যবসায়িক ক্ষমতা পুনঃনির্ধারণ করা প্রয়োজন।

০৩। প্রসঙ্গতঃ উল্লেখ্য, বর্তমানে ঋণের উদ্দেশ্যভিত্তিক ও কর্মকর্তাগণের পদমর্যাদাভিত্তিক ব্যবসায়িক ক্ষমতা চালু আছে। এতে প্রায় শতাধিক ঋণ খাতের ব্যবসায়িক ক্ষমতা পরিপালন করতে হয়, যা অত্যন্ত জটিল এবং এতে প্রায়শই ভুল-ভ্রান্তি ঘটছে। পাশাপাশি কর্মকর্তাগণের পদমর্যাদাভিত্তিক ব্যবসায়িক ক্ষমতা চালু থাকায় মাঠের পরিচালন কার্যক্রমও বিঘ্নিত/বাধাগ্রস্ত হচ্ছে।

০৪। এমতপ্রেক্ষিতে পরিচালনা পর্ষদের ৪৬৩তম সভার (তারিখ ১৭.১০.২০১৭) অনুমোদন মোতাবেক এ ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের ব্যবসায়িক ক্ষমতা (Business Delegation) পুনঃনির্ধারণ করা হলো।

০৫। উপ-খাতভিত্তিক ও কর্মক্ষেত্রভিত্তিক এ ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে এতদসংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে। ব্যাংক স্বার্থ বিবেচনায় নিয়ে দক্ষতা ও বিচক্ষণতার সাথে পরিপূর্ণ ঋণ নিয়মাচার অনুসরণ করে আলোচ্য ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগ করতে হবে। এ উদ্দেশ্যে ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগের নির্দেশাবলী, কৃষিভিত্তিক শিল্পের তালিকা এবং CMSME এর উল্লেখযোগ্য খাতসমূহের তালিকা সংযুক্ত করা হলো, যাতে করে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সুস্পষ্ট ধারণা লাভ করেন এবং অধিকতর কার্যকরভাবে ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগ করতে সক্ষম হন।

০৬। পুনঃনির্ধারিত ব্যবসায়িক ক্ষমতা এ সার্কুলার জারীর তারিখ থেকে কার্যকর হবে এবং পর্ষদ সচিবালয় থেকে গত ৩০.০৭.২০০৮ তারিখে জারীকৃত সার্কুলার নং-০১/২০০৮ এর ব্যবসায়িক ক্ষমতা অংশসহ ইতোপূর্বের এতদবিষয়ক সকল সার্কুলার/ সার্কুলার লেটার/পত্রাদি বাতিল বলে গণ্য হবে। এ সার্কুলার জারীর পূর্বে কোন কর্মকর্তা তাঁর পূর্বের ব্যবসায়িক ক্ষমতার অপব্যবহার করে থাকলে সেজন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০৭। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৫.১১.২০১৭
(জগন্নাথ ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক
সংযুক্তি : ছয়

সূত্র নং- প্রকা/ঋওঅবি-১/৪৪/২০১৭-২০১৮/৩৪২(৪৪৪) তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। উপ-মহাব্যবস্থাপক, এমডি'স ভিজিলেন্স সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
১০। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৩। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১৪। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬। অফিস নথি/মহানথি।

১৫.১১.২০১৭
(মোঃ আব্দুল ওয়াহাব)
সহকারী মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগের নির্দেশাবলী

০১। এ ব্যবসায়িক ক্ষমতা ব্যক্তি বিশেষ, প্রাইভেট/পাবলিক লিমিটেড কোম্পানি, সরকারী/রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন, ফার্মস ইত্যাদির ক্ষেত্রে প্রয়োগযোগ্য হবে।

০২। ক্রেডিট নর্মস সংক্রান্ত সময়ে সময়ে জারীকৃত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

০৩। ঋণসীমা, ঋণের মার্জিন, ঋণ প্রদান সংক্রান্ত বিধি-নিষেধ, ঋণের শর্তাবলী এবং বাংলাদেশ ব্যাংকের নিয়ম-নীতির সাথে সামঞ্জস্য রেখে ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগ করতে হবে।

০৪। কোন ঋণগ্রহীতাকে একাধিক খাতে বা একাধিক বারে একাধিক ঋণ মঞ্জুর করতে হলে সংশ্লিষ্ট খাতসমূহের মধ্যে যে খাতের মঞ্জুরি ক্ষমতা সর্বোচ্চ, মঞ্জুরকারী কর্তৃপক্ষ তার সমপরিমাণ ঋণ মঞ্জুর করতে পারবেন।

০৫। স্থায়ী আমানত ও বিভিন্ন প্রকার সঞ্চয়পত্র/সিকিউরিটিজ এর বিপরীতে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত মার্জিন ও ঋণ নিয়মাচার অনুসরণ করতে হবে।

০৬। ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ প্রকল্প ডিজাইন এবং ঋণ বিতরণসূচি অনুমোদন করবেন।

০৭। ঋণ মঞ্জুরিপত্রের শর্তাবলী ও জামানত সম্পত্তির পরিমাণ অপরিবর্তিত রেখে ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষের এক ধাপ নীচের কর্মকর্তা চলতি পুঁজি/সিসি ঋণ শুধুমাত্র নবায়ন করতে পারবেন।

০৮। ঋণ ও অগ্রিম বিভাগ-১ এবং ঋণ ও অগ্রিম বিভাগ-২ স্ব স্ব ক্ষেত্রের ঋণ প্রস্তাব প্রক্রিয়া করবে।

০৯। ব্যাংকের কর্মকর্তাগণ পরিমাণ ও খাত নির্বিশেষে ঋণ মূল্যায়ন/প্রক্রিয়াকরণ করতে পারবেন। তবে সুপারভাইজারগণ খাত নির্বিশেষে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ মূল্যায়ন/প্রক্রিয়াকরণ করতে পারবেন।

১০। কোন ঋণ প্রস্তাব ক্ষমতা বহির্ভূত হলে তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

১১। ঋণের বিপরীতে জামানত সম্পত্তির মূল্যায়ন নিয়মানুযায়ী সম্পাদন করতে হবে।

১২। মঞ্জুরিপত্রে নির্দিষ্ট করা না থাকলে প্রধান কার্যালয় থেকে মঞ্জুরিকৃত ঋণের সদ্ব্যবহার যাচাই, ট্রায়াল প্রোডাকশন নিশ্চিতকরণ ও PCR প্রনয়ণ নিম্নোক্ত কমিটির মাধ্যমে সম্পাদন করতে হবে:

ক) স্থানীয় মুখ্য কার্যালয় (এলপিও) এর ক্ষেত্রে :

০১. উপ-মহাব্যবস্থাপক ঋণ ও অগ্রিম বিভাগ-১	সভাপতি
০২. প্রধান কার্যালয়ের প্রকৌশলী	সদস্য
০৩. শাখা ব্যবস্থাপক	সদস্য
০৪. ঋণ মূল্যায়ণকারী কর্মকর্তা	সদস্য

খ) অন্যান্য শাখার ক্ষেত্রে :

০১. সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপক	সভাপতি
০২. সংশ্লিষ্ট বিভাগ/প্রধান কার্যালয়ের প্রকৌশলী	সদস্য
০৩. শাখা ব্যবস্থাপক	সদস্য
০৪. ঋণ মূল্যায়ণকারী কর্মকর্তা	সদস্য

১৩। ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে ঋণ ম্যানুয়েল/লেন্ডিং পলিসি এবং সময়ে সময়ে জারীকৃত সার্কুলার/সার্কুলার লেটার/চিঠিপত্রের নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

১৪। ঋণ প্রস্তাবের প্রাথমিক আবেদন স্ব স্ব মঞ্জুরকারী কর্তৃপক্ষ পর্যায়ে নিষ্পত্তিযোগ্য হবে।

১৫। উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরিতব্য ঋণ প্রস্তাব বা ঋণ সংক্রান্ত তথ্যাদি আবশ্যিকভাবে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

(ক্রমশ: পাতা-০২)

১৬। এছাড়াও ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালন করতে হবে :

ক্র.নং	বিষয়	অনুমোদকারী কর্তৃপক্ষ
০১	প্রকল্পের নির্মাণকালীন সময় বৃদ্ধিসহ ঋণ মঞ্জুরির শর্তাবলী পরিবর্তন	ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ
০২	Performance Bank Guarantee (PBG) ছাড়করণ	উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপক (পরিচালন)
০৩	মঞ্জুরিকৃত প্রকল্প ঋণের বিপরীতে এলসি খোলার অনুমোদন	উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপক (পরিচালন)
০৪	ঋণের জামানত সম্পত্তি পরিবর্তন	ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ
০৫	প্রকল্প ঋণের মঞ্জুরিপত্রের মেয়াদ বৃদ্ধি/প্রথম কিস্তি বিতরণের সময়সীমা বৃদ্ধি	ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ
০৬	দ্বিতীয় চার্জ সৃষ্টির অনুমতি	পরিচালনা পর্ষদ কর্তৃক মঞ্জুরিকৃত ঋণের ক্ষেত্রে পরিচালনা পর্ষদ। অন্যান্য ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক
০৭	প্রকল্পের স্থান পরিবর্তন	ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ
০৮	ঋণগ্রহীতা কোম্পানির পরিচালনা পর্ষদের পরিবর্তন	ব্যাংকের পরিচালনা পর্ষদ
০৯	ঋণের পরিশোধসূচি / পরিশোধ পদ্ধতি পরিবর্তন	ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ
১০	ঋণ বিতরণের যে কোন শর্ত শিথিলকরণ	পরিচালনা পর্ষদ কর্তৃক মঞ্জুরিকৃত ঋণের ক্ষেত্রে পরিচালনা পর্ষদ। অন্যান্য ক্ষেত্রে ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ
১১	ব্যাংকের ঋণ হিসাব ডেবিট করে ইনস্যুরেন্স পলিসি গ্রহণ	পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মঞ্জুরিকৃত ঋণের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক। অন্যান্য ক্ষেত্রে ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষের এক ধাপ উপরের কর্মকর্তা
১২	আমদানিযোগ্য যন্ত্রপাতির ডকুমেন্টস্ ছাড়করণ	যথাযথ থাকলে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, অন্যথায় উপ-ব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপক (পরিচালন)
১৩	আমদানিযোগ্য যন্ত্রপাতির এলসি সংশোধন	ব্যবস্থাপনা পরিচালক
১৪	ক্রেডিট কমিটিতে পেশ করার পূর্বে ঋণ প্রস্তাবের খসড়া অনুমোদন	সংশ্লিষ্ট শাখা/জোন/বিভাগীয় প্রধান। প্রধান কার্যালয়ের ক্ষেত্রে মহাব্যবস্থাপক (পরিচালন)
১৫	ঋণ প্রস্তাব বন্ধকরণ	সংশ্লিষ্ট শাখা/জোন/বিভাগীয় প্রধান। প্রধান কার্যালয়ের ক্ষেত্রে উপ-ব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপক (পরিচালন)
১৬	প্রকল্পের নির্মানকালীন সুদ অনুমোদন	ব্যবস্থাপনা পরিচালক

১৭। বিশেষ নির্দেশনা :

উল্লিখিত বিবরণ বহির্ভূত যাবতীয় ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক প্রয়োগ করবেন।

(মোঃ ছলিম উদ্দীন)
মুখ্য কর্মকর্তা

(মোঃ আব্দুল ওয়াহাব)
সহকারী মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

পুনঃনির্ধারিত ব্যবসায়িক ক্ষমতা

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	ঋণের খাত	খাতভুক্ত ঋণ কর্মসূচির সংক্ষিপ্ত পরিচিতি	ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপক (পরিচালন)	মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)	জোনাল ব্যবস্থাপক
০১.	**শস্য/ফসল :**					
	(ক) স্বল্প মেয়াদি	বাংলাদেশ ব্যাংকের বার্ষিক কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির অধিভুক্ত শস্য/ফসল উৎপাদন	–	–	–	–
	(খ) চলতি পুঁজি / সিসি	ফারমার্স ক্রেডিট লিমিট; হাইব্রিড নার্সারী; আম, লিচু, কুল ও পেয়ারা বাগান পরিচর্যা; ড্রাগন ফল ও স্ট্রবেরী চাষ; ফুল চাষ; মাশরুম চাষ; পান বরজ ইত্যাদি	২০০	১০০	৭৫	২০
	(গ) মেয়াদি	চা বাগান; আম, লিচু, পেয়ারা, আনারস ইত্যাদি বিভিন্ন ধরণের ফলের বাগান; নারকেল/সুপারি বাগান; বনজ/ফলজ বৃক্ষের বাগান; মিশ্র ফলের বাগান; রাবার চাষ; রেশম চাষ ইত্যাদি	৪০	৩৫	৩০	১৫
০২.	**মৎস্য সম্পদ :**					
	(ক) মেয়াদি	পুকুর খনন; পুকুরের পাড় নির্মাণ; মৎস্য চাষ ও হ্যাচারির উদ্দেশ্যে অবকাঠামো নির্মাণ; যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয়; পুকুর/জলমহালে মৎস্য চাষ, চিংড়ি চাষ, পোনা উৎপাদন খামার ইত্যাদি	৪০	৩৫	৩০	১৫
	(খ) চলতি পুঁজি/সিসি	ঐ সকল কর্মকান্ডের চলতি পুঁজি/সিসি	২০০	১০০	৭৫	২০
০৩.	**প্রাণি সম্পদ :**					
	(ক) মেয়াদি	হালের বলদ/মহিষ, গরু/মহিষ মোটাতাজাকরণ, বকনা/দুগ্ধবতী গাভী, দুগ্ধ খামার, মুরগির (লেয়ার/ব্রয়লার) খামার, হাঁসের খামার, ছাগল/ভেড়ার খামার, মিশ্র খামার, পোল্ট্রি হ্যাচারি ইত্যাদি	৪০	৩৫	৩০	১৫
	(খ) চলতি পুঁজি/সিসি	ঐ সকল কর্মকান্ডের চলতি পুঁজি/সিসি	২০০	১০০	৭৫	২০
০৪.	**খামার ও সেচ যন্ত্রপাতি :**					
	মেয়াদি	হারভেস্টর, ট্রান্সপ্লান্টার, ট্রাক্টর, পাওয়ার টিলার, অগভীর/গভীর নলকূপ, এলএলপি, হস্তচালিত নলকূপ, পদচালিত নলকূপ, থ্রেসার, হ্যান্ড-হো, স্প্রেয়ার, পিক-আপ/ট্রাক (কৃষিপণ্য পরিবহণের জন্য), নৌকা (যন্ত্রচালিত/ যন্ত্রবিহীন), গরু/মহিষের গাড়ী, রিক্সা-ভ্যান, অন্যান্য কৃষি/খামার যন্ত্রপাতি ইত্যাদি	২০	২০	২০	১৫
০৫.	**কৃষি ভিত্তিক শিল্প :**					
	(ক) মেয়াদি	কৃষিভিত্তিক শিল্প খাতে সংযুক্তি-‘ক’ অনুযায়ী তালিকাভুক্ত খাতসহ অন্যান্য অনুমোদিত খাতসমূহ	৬০	৫৫	৫০	১৫
	(খ) চলতি পুঁজি/সিসি	ঐ সকল কর্মকান্ডের চলতি পুঁজি/সিসি	২০০	১০০	৭৫	২০
০৬	**এসএমই :**					
	(ক) মেয়াদি	শিল্প, সেবা ও ব্যবসা খাতে সংযুক্তি-‘খ’ অনুযায়ী তালিকাভুক্ত খাতসহ অন্যান্য অনুমোদিত খাতসমূহ	১১০	৭৫	৫০	১৫
	(খ) চলতি পুঁজি / সিসি	ঐ সকল কর্মকান্ডের চলতি পুঁজি/সিসি	২০০	১০০	৭৫	২০

(লক্ষ টাকায়)

ক্র: নং	ঋণের খাত	খাতভুক্ত ঋণ কর্মসূচির সংক্ষিপ্ত পরিচিতি	স্থানীয় মুখ্য কার্যালয় প্রধান/ ঢাকা শাখার ব্যবস্থাপক	জেলা শাখার ব্যবস্থাপক	উপজেলা/সিটি কর্পোরেশন/ পৌরসভা শাখার ব্যবস্থাপক	ইউনিয়ন শাখার ব্যবস্থাপক
০১.	**শস্য/ফসল :**					
	(ক) স্বল্প মেয়াদি	বাংলাদেশ ব্যাংকের বার্ষিক কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির অধিভুক্ত শস্য/ফসল উৎপাদন	-	বাংলাদেশ ব্যাংকের বার্ষিক কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির অধিভুক্ত শস্য/ফসল উৎপাদন ঋণ নিয়মাচার অনুযায়ী		
	(খ) চলতি পুঁজি / সিসি	ফারমার্স ক্রেডিট লিমিট; হাইব্রিড নার্সারী; আম, লিচু, কুল ও পেয়ারা বাগান পরিচর্যা; ড্রাগন ফল ও স্ট্রবেরী চাষ; ফুল চাষ; মাশরুম চাষ; পান বরজ ইত্যাদি	২০	১০	৫	৩
	(গ) মেয়াদী	চা বাগান; আম, লিচু, পেয়ারা, আনারস ইত্যাদি বিভিন্ন ধরণের ফলের বাগান; নারকেল/সুপারি বাগান; বনজ/ফলজ বৃক্ষের বাগান; মিশ্র ফলের বাগান; রাবার চাষ; রেশম চাষ ইত্যাদি	১৫	৫	৩	২
০২.	**মৎস্য সম্পদ :**					
	(ক) মেয়াদি	পুকুর খনন; পুকুরের পাড় নির্মাণ; মৎস্য চাষ ও হ্যাচারির উদ্দেশ্যে অবকাঠামো নির্মাণ, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয় পুকুরে/জলমহালে মৎস্য চাষ, চিংড়ি চাষ, পোনা উৎপাদন খামার ইত্যাদি	১৫	৫	৩	২
	(খ) চলতি পুঁজি	ঐ সকল কর্মকান্ডের চলতি পুঁজি/সিসি	২০	১০	৫	৩
০৩.	**প্রাণি সম্পদ :**					
	(ক) মেয়াদি	হালের বলদ/মহিষ, গরু/মহিষ মোটাতাজাকরণ, বকনা/দুগ্ধবতী গাভী, দুগ্ধ খামার, মুরগির (লেয়ার/ব্রয়লার) খামার, হাঁসের খামার, ছাগল/ভেড়ার খামার, মিশ্র খামার, পোল্ট্রি হ্যাচারি ইত্যাদি	১৫	৫	৩	২
	(খ) চলতি পুঁজি	ঐ সকল কর্মকান্ডের চলতি পুঁজি/সিসি	২০	১০	৫	৩
০৪.	**খামার ও সেচ যন্ত্রপাতি :**					
	মেয়াদি	অগভীর/গভীর নলকূপ, এলএলপি, হস্তচালিত নলকূপ, পদচালিত নলকূপ, থ্রেসার, হ্যান্ড-হো, স্প্রেয়ার, ট্রাক্টর, পাওয়ার টিলার, হারভেস্টর, ট্রান্সপ্লান্টার, পিক-আপ/ট্রাক (খামারের উৎপাদিত পণ্যাদি পরিবহণের জন্য), নৌকা (যন্ত্রচালিত/ যন্ত্রবিহীন), গরু/মহিষের গাড়ী, রিক্সা-ভ্যান, অন্যান্য কৃষি/খামার যন্ত্রপাতি ইত্যাদি	১৫	৫	৩	২
০৫.	**কৃষি ভিত্তিক শিল্প :**					
	(ক) মেয়াদি	কৃষিভিত্তিক শিল্প খাতে সংযুক্তি-'ক' অনুযায়ী তালিকাভুক্ত খাতসহ অন্যান্য অনুমোদিত খাতসমূহ	১৫	৫	৩	২
	(খ) চলতি পুঁজি/সিসি	ঐ সকল কর্মকান্ডের চলতি পুঁজি/সিসি	২০	১০	৫	৩
০৬	**এসএমই :**					
	(ক) মেয়াদি	শিল্প, সেবা ও ব্যবসা খাতে সংযুক্তি-'খ' অনুযায়ী তালিকাভুক্ত খাতসহ অন্যান্য অনুমোদিত খাতসমূহ	১৫	৫	৩	২
	(খ) চলতি পুঁজি/সিসি	ঐ সকল কর্মকান্ডে চলতি পুঁজি/সিসি	২০	১০	৫	৩

(লক্ষ টাকায়)

ক্র: নং	ঋণের খাত	খাতভুক্ত ঋণ কর্মসূচির সংক্ষিপ্ত পরিচিতি	ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপক (পরিচালন)	মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)	জোনাল ব্যবস্থাপক
০৭	**চলতি পুঁজি / সিসি :**					
	বাজারজাতকরণ/ ব্যবসা পরিচালনা	কৃষিপণ্যের ব্যবসা, হিমাগারে পণ্য সংরক্ষণ, অন্যান্য পণ্য সংরক্ষণ, পণ্য গুদামজাতকরণ, রাসায়নিক সারের ব্যবসা, কীটনাশকের ব্যবসা, বীজ ব্যবসা, কৃষি যন্ত্রপাতির ব্যবসা, মাছের পোনা ব্যবসা, ডিজেল/মবিল ব্যবসা ইত্যাদি	২০০	১০০	৭৫	২০
০৮	**চলতি পুঁজি/সিসি (প্লেজ):**	পণ্য বন্ধকীর বিপরীতে প্লেজ ঋণ	১৫০	১০০	৭৫	২০
০৯	**দারিদ্র্য বিমোচন/মাইক্রো ক্রেডিট**	স্বনির্ভর ঋণ, ইউএনসিডিএফ (কুটির শিল্প), উইডিপি (মহিলা উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প), পিইজিপি (গ্রামীণ দরিদ্র মহিলা পুনর্বাসন প্রকল্প), আরএফপি, শস্য গুদাম ঋণ প্রকল্প (শগঋপ), এমএসএফএসসিআইপি, ছাগল পালন ঋণ কর্মসূচি, ভেষজ/নার্সারী ঋণ কর্মসূচি, রাকাব আত্মনির্ভর ঋণ কর্মসূচি (আরএসসিপি), রাকাব আদিবাসী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বিশেষ ঋণ কর্মসূচি, মুক্তিযোদ্ধা বিশেষ ঋণ কর্মসূচি, প্রতিবন্ধী ঋণ কর্মসূচি, শিক্ষিত বেকার যুবকদের ঋণ কর্মসূচি (সেলফ ইমপ্লয়মেন্ট), প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবকদের ঋণ কর্মসূচি (ইয়ুথ ডেভেলপমেন্ট), ভিলেজ মেকানিক্স (আইডিএ ১১৪৭ বিডি), গুচ্ছগ্রাম/আদর্শ গ্রাম ঋণ কর্মসূচি, স্বেচ্ছায় অবসর গ্রহণকারী কর্মচারীদের ঋণ কর্মসূচি, দারিদ্র্য শুন্য বিশেষ ঋণ কর্মসূচি, অন্যান্য আর্থসামাজিক কর্মকান্ড ইত্যাদি	সংশ্লিষ্ট ঋণ কর্মসূচির নিয়মাচার অনুযায়ী			
১০	**বিশেষ ঋণ কর্মসূচি**	নবায়নযোগ্য জ্বালানী (সোলার/বায়োগ্যাস), কেঁচো কম্পোষ্ট, সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক ঋণ, ভোক্তা ঋণ (কনজুমার ক্রেডিট), চাকুরীজীবিদের ঋণ, ক্ষুদ্র ব্যবসায়িদের ঋণ, ক্রেডিট গ্যারান্টি স্কীম, এসইসিপি কৃষি ঋণ প্রকল্প, এনসিডিপি প্রকল্প ঋণ ইত্যাদি	সংশ্লিষ্ট ঋণ কর্মসূচির নিয়মাচার অনুযায়ী			
১১	ব্যাংক গ্যারান্টি/বিড বন্ড/ পারফরমেন্স গ্যারান্টি ইত্যাদি		সংযুক্তি-'গ' অনুযায়ী			
১২	আমানতের বিপরীতে ঋণ		- -	- -	- -	- -

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	ঋণের খাত	খাতভুক্ত ঋণ কর্মসূচির সংক্ষিপ্ত পরিচিতি	স্থানীয় মুখ্য কার্যালয় প্রধান/ ঢাকা শাখার ব্যবস্থাপক	জেলা শাখার ব্যবস্থাপক	উপজেলা/সিটি কর্পোরেশন/ পৌরসভা শাখার ব্যবস্থাপক	ইউনিয়ন শাখার ব্যবস্থাপক
০৭	**চলতি পুঁজি/সিসি (হাইপো):**					
	বাজারজাতকরণ/ ব্যবসা পরিচালনা	কৃষিপণ্যের ব্যবসা, খাদ্যশস্য/অন্যান্য অনুমোদিত আইটেম, হিমাগারে পণ্য সংরক্ষণ, অন্যান্য পণ্য সংরক্ষণ, পণ্য গুদামজাতকরণ, রাসায়নিক সারের ব্যবসা, কীটনাশকের ব্যবসা, বীজ ব্যবসা, কৃষি যন্ত্রপাতির ব্যবসা, মাছের পোনা ব্যবসা, ডিজেল/মবিল ব্যবসা, ইত্যাদি।	২০	১০	৫	৩
০৮	**চলতি পুঁজি/সিসি (প্লেজ):**	পণ্য বন্ধকীর বিপরীতে প্লেজ ঋণ	-	–	-	-
০৯	**দারিদ্র্য বিমোচন/মাইক্রো ক্রেডিট**	স্বনির্ভর ঋণ, ইউএনসিডিএফ (কুটির শিল্প), উইডিপি (মহিলা উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প), পিইজিপি (গ্রামীণ দরিদ্র মহিলা পুনর্বাসন প্রকল্প), আরএফপি, শস্য গুদাম ঋণ প্রকল্প (শগঋপ), এমএসএফএসসিআইপি, ছাগল পালন ঋণ কর্মসূচি, ভেষজ/ নার্সারী ঋণ কর্মসূচি, রাকাব আত্মনির্ভর ঋণ কর্মসূচি (আরএসসিপি), রাকাব আদিবাসী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বিশেষ ঋণ কর্মসূচি, মুক্তিযোদ্ধা বিশেষ ঋণ কর্মসূচি, প্রতিবন্ধী ঋণ কর্মসূচি, শিক্ষিত বেকার যুবকদের ঋণ কর্মসূচি (সেলফ ইমপ্লয়মেন্ট), প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবকদের ঋণ কর্মসূচি (ইয়ুথ ডেভেলপমেন্ট), ভিলেজ মেকানিক্স (আইডিএ ১১৪৭ বিডি), গুচ্ছগ্রাম/আদর্শ গ্রাম ঋণ কর্মসূচি, স্বেচ্ছায় অবসর গ্রহণকারী কর্মচারীদের ঋণ কর্মসূচি, দারিদ্র্য শুন্য বিশেষ ঋণ কর্মসূচি, অন্যান্য আর্থসামাজিক কর্মকান্ড ইত্যাদি	সংশ্লিষ্ট ঋণ কর্মসূচির নিয়মাচার অনুযায়ী			
১০	**বিশেষ ঋণ কর্মসূচি**	নবায়নযোগ্য জ্বালানী (সোলার/বায়োগ্যাস), কেঁচো কম্পোষ্ট, সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক ঋণ, ভোক্তা ঋণ (কনজুমার ক্রেডিট), চাকুরীজীবিদের ঋণ, ক্ষুদ্র ব্যবসায়িদের ঋণ, ক্রেডিট গ্যারান্টি স্কীম, এসইসিপি কৃষি ঋণ প্রকল্প, এনসিডিপি প্রকল্প ঋণ ইত্যাদি	সংশ্লিষ্ট ঋণ কর্মসূচির নিয়মাচার অনুযায়ী			
১১	ব্যাংক গ্যারান্টি/বিড বন্ড/ পারফরমেন্স গ্যারান্টি ইত্যাদি		সংযুক্তি-'গ' অনুযায়ী			
১২	আমানতের বিপরীতে ঋণ		সীমা ব্যতিরেকে			

(মোঃ ছলিম উদ্দীন)
মুখ্য কর্মকর্তা

(মোঃ আব্দুল ওয়াহাব)
সহকারী মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী। সংযুক্তি ‘ক’

ঋণ ও অগ্রিম বিভাগ-১

কৃষিভিত্তিক শিল্পের তালিকা

০১। প্রক্রিয়াকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;
০২। ফল (টমেটো, আম, পেয়ারা, ইক্ষু, কাঁঠাল, লিচু, আনারস, নারিকেল ইত্যাদি), শাক-সবজি, ডাল প্রক্রিয়াকরণ;
০৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডলস ইত্যাদি প্রস্তুতকরণ;
০৪। আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ;
০৫। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ;
০৬। স্টার্চ, গ্লুকোজ, ডেক্সট্রোজ এবং অন্যান্য স্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প;
০৭। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুগ্ধ পাস্তুরিতকরণ, গুড়ো দুধ, আইসক্রিম, কনডেন্সড মিল্ক, পনির, ঘি, মাখন, চকোলেট, দধি ইত্যাদি);
০৮। আলু থেকে প্রক্রিয়াজাতকৃত খাদ্য (চিপস্, পটেটো ফ্লেক্স, স্টার্চ প্রভৃতি) উৎপাদনকারী শিল্প;
০৯। বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প;
১০। ভোজ্য তেল পরিশোধন ও হাইড্রোজিনেশন শিল্প;
১১। লবণ প্রক্রিয়াজাতকরণ শিল্প;
১২। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ শিল্প;
১৩। হারবাল ও ভেষজ কসমেটিক্স প্রস্তুতকারী শিল্প;
১৪। ইউনানি, আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী শিল্প;
১৫। হাঁস, মুরগি, গবাদি পশু ও মাছের জন্য সুষম খাদ্য প্রস্তুতকারী শিল্প;
১৬। বীজ উৎপাদন, গবেষণা, প্রক্রিয়াজাতকরণ এবং সংরক্ষণ;
১৭। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমনঃ দড়ি, সুতা, চট, থলে, কার্পেট, পাটের সেন্ডেল প্রভৃতি);
১৮। রেশম বস্ত্র উৎপাদনকারী শিল্প;
১৯। কৃষিজাত পণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রশিল্প স্থাপন, মেরামত ইত্যাদি;
২০। চাল (স্বয়ংক্রিয় চালকল সহ), মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকারী শিল্প;
২১। সুগন্ধি চাল প্রস্তুতকরণ শিল্প;
২২। চা প্রক্রিয়াকরণ শিল্প;
২৩। নারিকেল তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশিয় নারিকেল হতে সংগৃহীত Copra ব্যবহার করা হয়);
২৪। রাবার টেপ, লাক্ষা প্রক্রিয়জাতকরণ শিল্প;
২৫। কোল্ড স্টোরেজ (কৃষকদের উৎপাদিত খাবার আলু ও বীজ আলু, ফলমূল, শাক-সবজি প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ);
২৬। কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরী/উৎপাদন (কুটির শিল্প ছাড়া);
২৭। ফুল সংরক্ষণ ও রপ্তানিকারক প্রতিষ্ঠান;
২৮। মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান;
২৯। কেঁচো কম্পোষ্ট, জৈব সার, মিশ্র সার, গুটি ইউরিয়া ইত্যাদি তৈরি;
৩০। বায়োপেস্টিসাইড, নীম উৎপাদিত পেস্টিসাইড ইত্যাদি তৈরী;
৩১। মৌমাছির চাষ/মধু তৈরির প্রকল্প;
৩২। রাবারজাত দ্রব্যাদি তৈরির প্রকল্প;
৩৩। পার্টিকেল বোর্ড প্রস্তুতকরণ শিল্প;
৩৪। সরিষার তেল প্রস্তুতকরণ শিল্প (যদি দেশীয় সরিষা ব্যবহার করা হয়);
৩৫। ধানের তুষ, পোল্ট্রি ও গরুর গোবর থেকে বায়োগ্যাস ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প;
৩৬। চালের কুঁড়া থেকে ভোজ্য তেল উৎপাদনকারী শিল্প;
৩৭। পোল্ট্রি ও ডেইরি শিল্প;
৩৮। চিনি ও অন্যান্য মিষ্টিকারক পণ্য উৎপাদনকারী শিল্প;
৩৯। সয়াফুড উৎপাদন ও সয়াবীন প্রসেসিং শিল্প;
৪০। হর্টিকালচার, ফ্লোরিকালচার, ফুলচাষ,ফুল ও শাকসবজী বাজারজাতকরণ (লেবু,মাশরুম,পান,মধু ইত্যাদি এ শিল্পের অন্তর্ভুক্ত হবে)।

(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
উর্ধ্বতন কর্মকর্তা

(মোঃ আব্দুল ওয়াহাব)
সহকারী মহাব্যবস্থাপক

সংযুক্তি 'খ'

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

সিএমএসএমই এর উল্লেখযোগ্য খাতসমূহ

ক্রমিক নং	খাতের নাম	ক্রমিক নং	খাতের নাম
১	কৃষি ভিত্তিক ও কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ	৩১	হিমায়িত খাদ্য (frozen food)
২	কৃষিভিত্তিক কর্মকান্ড (মৎস্য আহরণ,সংরক্ষণ ও বিপণন)	৩২	চামড়া ও চামড়াজাত পণ্য
৩	কৃষি যন্ত্রপাতি তৈরী ও বিপনন	৩৩	ইলেকট্রনিক্স
৪	মাছ ধরার নৌকা (fishing boat) তৈরী	৩৪	কৃত্রিম ফুল উৎপাদন
৫	নকশী কাঁথা ও তাঁত	৩৫	চশমার ফ্রেম তৈরী (optical frame)
৬	খাদ্য বীজ সংরক্ষণ ও বিপনন	৩৬	রেশম গুটি ও রেশম শিল্প
৭	বেকারী	৩৭	খেলনা তৈরী
৮	হ্যাচারী	৩৮	বরফ কল
৯	ড্রাই ফিস প্রসেসিং	৩৯	আয়োডাইজড্ লবণ তৈরী
১০	তথ্য প্রযুক্তিভিত্তিক কার্যক্রম	৪০	মেশিনে চিড়া ও মুড়ি তৈরী
১১	কম্পিউটার সফটওয়্যার ও আইসিটি দ্রব্যাদি	৪১	চাউল কল (rice mill/auto rice mill)
১২	সাইবার ক্যাফে	৪২	পাইকারি ও খুচরা দোকান
১৩	বিনোদন যেমন-ডকুমেন্টারি ফিল্ম, সিনেমা ও ডিভিডি নির্মাণ	৪৩	ড্রাগ হাউজ/ঔষধের দোকান
১৪	বনশিল্প ও ফার্ণিচার	৪৪	ফোন-ফ্যাক্স
১৫	হর্টিকালচার, ফুল চাষ ও ফুল বাজারজাতকরণ	৪৫	স্থানীয় পরিবহন
১৬	হিমাগার (cold storage)	৪৬	সিনেমা হল
১৭	নির্মাণ ব্যবসা যেমন-নির্মাণ শিল্প ও গৃহায়ন	৪৭	চাতাল ব্যবসা
১৮	হাসাপাতাল ও ক্লিনিক	৪৮	ট্রেডিং
১৯	হোটেল রেষ্টুরেন্ট ও পর্যটন	৪৯	পুরাতন লোহা-লক্কড়
২০	টেলিকমিউনিকেশন	৫০	মোবাইল সেট ও যন্ত্রাংশের ব্যবসা
২১	মোবাইল ফোন এক্সেসরিজ	৫১	ইলেকট্রনিক্স এর ব্যবসা
২২	প্রিন্টিং ও প্যাকেজিং	৫২	বিভিন্ন ক্ষুদ্র ব্যবসা
২৩	নবায়নযোগ্য শক্তি যেমন-সোলার পাওয়ার, উইন্ডমিল	৫৩	কৃষি যন্ত্রাতির ব্যবসা
২৪	হালকা প্রকৌশল শিল্প (light engineering industry)	৫৪	সারের ব্যবসা
২৫	প্লাস্টিক শিল্প	৫৫	পাট ট্রেডিং
২৬	কসমেটিক ও টয়লেট্রিজ	৫৬	কাপড় ও জুতার ব্যবসা
২৭	হস্তশিল্প (handicrafts)	৫৭	রড ও সিমেন্ট ট্রেডিং
২৮	ভেষজ ঔষধ শিল্প (herbal medicine industry)	৫৮	হার্ডওয়্যার ব্যবসা
২৯	পাটজাত ও পাট মিশ্রিত পণ্য	৫৯	ক্রোকারিজ এর ব্যবসা
৩০	স্টেশনারী পণ্য শিল্প	৬০	মুদি ও ভুষি মালের ব্যবসা

(ক্রমশ: পাতা-০২)

সিএমএসএমই এর উল্লেখযোগ্য খাতসমূহ

ক্রমিক নং	খাতের নাম	ক্রমিক নং	খাতের নাম
৬১	এলপি গ্যাসের ব্যবসা	৯৭	ফুড প্রসেসিং
৬২	ওয়্যারহাউস ও কন্টেইনার সার্ভিস	৯৮	গাড়ীর বডি তৈরী
৬৩	বাণিজ্যিকভাবে বৃক্ষরোপণ	৯৯	তেল ও ডাল মিল
৬৪	ফটোগ্রাফী	১০০	জিআই পাইপ প্রস্তুত কারখানা
৬৫	পরিবহণ ও যোগাযোগ	১০১	সিমেন্টের পিলার তৈরী
৬৬	ল্যাবরেটরী	১০২	মিনি সুগার মিল
৬৭	জুয়েলারী	১০৩	গুড় তৈরী
৬৮	গিনিং অ্যান্ড বেলিং	১০৪	খয়ের তৈরী
৬৯	উচ্চমানের মেধা ও দক্ষতাসম্পন্ন নলেজ সোসাইটি	১০৫	হোসিয়ারী
৭০	টেইলারিং	১০৬	ওয়েল্ডিং শিল্প
৭১	সেলুন ও বিউটি পার্লার, জিম	১০৭	পিতল ও কাঁসা শিল্প
৭২	কমিউনিটি সেন্টার	১০৮	পারটেক্স শিল্প
৭৩	কল সেন্টার	১০৯	বায়োগ্যাস প্লান্ট
৭৪	ডায়াগনস্টিক সেন্টার	১১০	রেণু পোনা উৎপাদন
৭৫	ডিজিটাল কালার ল্যাব	১১১	টিস্যু কালচার এর মাধ্যমে বীজ উৎপাদন
৭৬	ক্যাবল অপারেটর	১১২	বালি ও পাথরের ব্যবসা
৭৭	জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ	১১৩	কাঠ ও স্টীল সামগ্রীর ব্যবসা
৭৮	ছোট এ্যামিউজমেন্ট পার্ক	১১৪	ধান-চালের ব্যবসা
৭৯	বাঁশ ও বেতের সামগ্রী তৈরী	১১৫	খাদির তৈরী বিভিন্ন সামগ্রী বিপণন
৮০	বুটিকস্ /বাটিকস্	১১৬	নকশী কাঁথা ও তাঁত
৮১	মাশরুম	১১৭	শীতল পাটি
৮২	কম্পিউটার ট্রেনিং স্কুল	১১৮	নার্সারী
৮৩	ইন্টেরিয়র এন্ড এক্সটারনাল ডেকোরেশন	১১৯	মিষ্টি তৈরী
৮৪	হালকা ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ	১২০	মৎস্য চাষ (চিংড়ি, তেলাপিয়া, পাংগাস)
৮৫	আইপিএস তৈরী	১২১	ব্যাটারী তৈরি
৮৬	আদিবাসী হস্তশিল্প ও কোমার তাঁত	১২২	রেলওয়ে স্লিপার তৈরি
৮৭	স-মিল	১২৩	স্যানিটারী সামগ্রী তৈরী
৮৮	নৌযান শিল্প যেমন-ছোট যাত্রীবাহী নৌযান তৈরী	১২৪	ঝিনুক থেকে চুন তৈরি
৮৯	পরিবেশ বান্ধব পরিবহণ (ব্যাটারীচালিত) যেমন-ইজি বাইক (যশোর)	১২৫	মৃৎশিল্প
৯০	ডেইরী এন্ড ফিস ফিড তৈরী	১২৬	চা শিল্প
৯১	ব্রিক ফিল্ড	১২৭	ফল প্রক্রিয়াকরণ শিল্প
৯২	খাদি শিল্প	১২৮	চারকোল তৈরী
৯৩	আগরবাতি ও মোমবাতি তৈরী	১২৯	আলু বীজ সংরক্ষণাগার
৯৪	মসলা গুঁড়াকরণ	১৩০	সেমাই, লাচ্ছা ও চানাচুর তৈরি
৯৫	বিস্কুট ফ্যাক্টরী	১৩১	আলুর টিস্যু কালচার
৯৬	রপ্তানিযোগ্য মাটির টালি তৈরী	১৩২	সৌর বিদ্যুৎ প্লান্ট

(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
উর্ধ্বতন কর্মকর্তা

(মোঃ আব্দুল ওয়াহাব)
সহকারী মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

সংযুক্তি-‘গ’

ঋণ ও অগ্রিম বিভাগ-১

পুনঃনির্ধারিত ব্যবসায়িক ক্ষমতা (ব্যাংক গ্যারান্টি/বিড বন্ড/পারফরমেন্স গ্যারান্টি ইত্যাদি)

(লক্ষ টাকায়)

ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপক (পরিচালন)	মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)	জোনাল ব্যবস্থাপক	স্থানীয় মুখ্য কার্যালয় প্রধান/ ঢাকা শাখার ব্যবস্থাপক	জেলা শাখার ব্যবস্থাপক	উপজেলা/সিটি কর্পোরেশন/ পৌরসভা শাখার ব্যবস্থাপক	ইউনিয়ন শাখার ব্যবস্থাপক
প্রকৃত	(ক) ব্যক্তি/প্রাইভেট লিমিটেড কোম্পানি/ফার্ম/সমবায় সমিতিকে ১০০% মার্জিনে ৫০.০০ লক্ষ টাকা এবং ৩০% মার্জিন ও সহায়ক জামানতসহ ৩০.০০ লক্ষ টাকা।	(ক) ব্যক্তি/প্রাইভেট লিমিটেড কোম্পানি/ফার্ম/সমবায় সমিতিকে ১০০% মার্জিনে ৪০.০০ লক্ষ টাকা এবং ৩০% মার্জিন ও সহায়ক জামানতসহ ২৫.০০ লক্ষ টাকা।	(ক) ব্যক্তি/প্রাইভেট লিমিটেড কোম্পানি/ফার্ম/সমবায় সমিতিকে ১০০% মার্জিনে ৩০.০০ লক্ষ টাকা।	(ক) ব্যক্তি/প্রাইভেট লিমিটেড কোম্পানি/ফার্ম/সমবায় সমিতিকে ১০০% মার্জিনে ৩০.০০ লক্ষ টাকা।	(ক) ব্যক্তি/প্রাইভেট লিমিটেড কোম্পানি/ফার্ম/সমবায় সমিতিকে ১০০% মার্জিনে ২০.০০ লক্ষ টাকা।	(ক) ব্যক্তি/প্রাইভেট লিমিটেড কোম্পানি/ফার্ম/সমবায় সমিতিকে ১০০% মার্জিনে ১০.০০ লক্ষ টাকা।	(ক) ব্যক্তি/প্রাইভেট লিমিটেড কোম্পানি/ফার্ম/সমবায় সমিতিকে ১০০% মার্জিনে ১০.০০ লক্ষ টাকা।
	(খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্ব-শাসিত জাতীয়করণকৃত সংস্থা/পাবলিক লিমিটেড কোম্পানিকে ১০০% মার্জিনে ৭০.০০ লক্ষ টাকা এবং ৩০% মার্জিন ও সহায়ক জামানতসহ ২৫.০০ লক্ষ টাকা।	(খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্ব-শাসিত জাতীয়করণকৃত সংস্থা/পাবলিক লিমিটেড কোম্পানিকে ১০০% মার্জিনে ৬০.০০ লক্ষ টাকা এবং ৩০% মার্জিন ও সহায়ক জামানতসহ ২০.০০ লক্ষ টাকা।	(খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্ব-শাসিত জাতীয়করণকৃত সংস্থা/পাবলিক লিমিটেড কোম্পানিকে ১০০% মার্জিনে ৪০.০০ লক্ষ টাকা।	(খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্ব-শাসিত জাতীয়করণকৃত সংস্থা/পাবলিক লিমিটেড কোম্পানিকে ১০০% মার্জিনে ৪০.০০ লক্ষ টাকা।	(খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্ব-শাসিত জাতীয়করণকৃত সংস্থা/পাবলিক লিমিটেড কোম্পানিকে ১০০% মার্জিনে ২৫.০০ লক্ষ টাকা।	(খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্ব-শাসিত জাতীয়করণকৃত সংস্থা/পাবলিক লিমিটেড কোম্পানিকে ১০০% মার্জিনে ১৫.০০ লক্ষ টাকা।	(খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্ব-শাসিত জাতীয়করণকৃত সংস্থা/পাবলিক লিমিটেড কোম্পানিকে ১০০% মার্জিনে ১৫.০০ লক্ষ টাকা।

(মোঃ ছলিম উদ্দীন)
মুখ্য কর্মকর্তা

(মোঃ আব্দুল ওয়াহাব)
সহকারী মহাব্যবস্থাপক